# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০১২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَمِعْنَاهُ يَقُولُ: «أَعُوذُ بِاللَّهِ مِنْكَ» ثُمَّ قَالَ: «أَلْعَنُكَ بِلَعْنَةِ اللَّهِ» ثَلَاثًا وَبَسَطَ يَدَهُ كَأَنَّهُ يَتَنَاوَلُ شَيْئًا فَلَمَّا فَرَغَ مِنَ الصَّلَاةِ قُلْنَا يَا رَسُولَ اللَّهِ قَدْ سَمِعْنَاكَ تَقُولُ فِي الصَّلَاةِ شَيْئًا لَمْ نَسْمَعْكَ تَقُولُهُ قَبْلَ ذَلِكَ وَرَأَيْنَاكَ بَسَطْتَ يَدَكَ قَالَ: إِنَّ عَدُوَّ اللَّهِ إِبْلِيسَ جَاءَ بِشِهَابٍ مِنْ نَارٍ لِيَجْعَلَهُ فِي وَجْهِي فَقُلْتُ أَعُوذُ بِاللَّهِ مِنْكَ ثَلَاثَ مَرَّاتٍ. ثُمَّ قُلْتُ: أَلْعَنُكَ بِلَعْنَةِ اللَّهِ التَّامَّةِ فَلَمْ يَسْتَأْخِرْ ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ أَرَدْتُ أَخْذَهُ وَاللَّهِ لَوْلَا دَعْوَةُ أَخِينَا سُلَيْمَانَ لَأَصْبَحَ مُوثَقًا يَلْعَبُ بِهِ وِلْدَانُ أَهْلِ الْمَدِينَةِ. رَوَاهُ مُسلم

বাংলা

১০১২-[৩৫] আবুদ্ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে দাঁড়ালেন। আমরা তাঁকে সালাতে ’’আ’ঊযুবিল্লা-হি মিনকা’’ পড়তে শুনলাম। এরপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তিনবার বললেন, ’’আমি তোমার ওপর অভিশাপ করছি, আল্লাহর অভিশাপ দ্বারা’’। এরপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর হাত প্রশস্ত করলেন, যেন তিনি কোন জিনিস নিচ্ছেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন সালাত শেষ করলেন তখন আমরা বললাম, হে আল্লাহর রসূল! আজ আমরা আপনাকে সালাতে এমন কথা বলতে শুনলাম যা এর পূর্বে আর কখনো বলতে শুনিনি। আর আজ আমরা আপনাকে হাত বিস্তার করতেও দেখেছি। জবাবে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আল্লাহর শত্রু ইবলীস আমার চেহারায় নিক্ষেপ করার জন্যে আগুনের টুকরা হাতে করে নিয়ে এসেছিল। তখন আমি তিনবার বলেছিলাম, ’’আ’ঊযুবিল্লা-হি মিনকা’’ (আমি আল্লাহর কাছে তোমার শত্রুতা হতে আশ্রয় চাই)। এরপর আমি বলেছি, আমি তোমার ওপর অভিশাপ বর্ষণ করছি, আল্লাহর সম্পূর্ণ লা’নাত দ্বারা। এতে সে দূরে সরেনি। তারপর আমি তাকে ধরতে ইচ্ছা করলাম। আল্লাহর শপথ! যদি আমার ভাই সুলায়মান (আঃ)-এর দু’আ না থাকত তাহলে (সে মসজিদের খাম্বায়) ভোর পর্যন্ত বাঁধা থাকত। আর মদীনার শিশু-বাচ্চারা একে নিয়ে খেলতো। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৫৪২, নাসায়ী ১২১৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَعُوْذُ بِاللّٰهِ مِنْكَ) ‘‘তোমার অনিষ্ট থেকে আল্লাহর নিকট আশ্রয় চাই’’- এ বাক্য দ্বারা ভীতি এবং আল্লাহর প্রতি মুখাপেক্ষীতা প্রকাশ করাই উদ্দেশ্য। বান্দা সর্বদাই আল্লাহর অনুগ্রহ এবং তাঁর সংরক্ষণতার মুখাপেক্ষী।

হাদীসের শিক্ষাঃ

১. সালাতে কারো প্রতি উদ্দেশ্য করে কথা বলা দ্বারা যদি আল্লাহর সাহায্য চাওয়া বুঝায় তাহলে তা সাধারণ কথা বলে গণ্য হবে না এবং তা দ্বারা সালাতও বিনষ্ট হয় না।

২. সালাতের মধ্যে অন্যের জন্য দু‘আ করা বৈধ তেমনিভাবে বদ্দু‘আ করাও বৈধ। কারো কারো মতে এ ধরনের দু‘আ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খাস। তবে প্রমাণ ব্যতীত শুধুমাত্র দাবী দ্বারাই এটা সাব্যস্ত হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55571

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন